



গতকাল সরকারি মেডিকেল কলেজসমূহের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। রাজধানীর বেগম বদরুন্নেসা সরকারি মহিলা মহাবিদ্যালয় কেন্দ্রের বাইরে অভিভাবকদের ভিড় (কাঁয়ে): একই কেন্দ্রে পরীক্ষা দিচ্ছে ভর্তিছাত্রীরা - যুগান্তর

সরকারি মেডিকেল ভর্তি পরীক্ষা '১৫শ' আসনে ১৮ হাজার প্রতিযোগী

যুগান্তর রিপোর্ট

দেশের ১৩টি সরকারি মেডিকেল কলেজে গতকাল এমবিবিএন প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। অল্প প্রাপ্তবয়স্ক এবং ১ হাজার ৫০০ আসনের বিপরীতে ১৮ হাজার ৫০০ মতো ছাত্রছাত্রী প্রতিদ্বন্দ্বিতা করে। সকাল সাড়ে ৯টায় পরীক্ষা শুরু হলেও সকাল ৮টা থেকেই বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে ছাত্রছাত্রী ও তাদের

অভিভাবকদের উপচে পড়া ভিড় পরিলক্ষিত হয়। ঢাকা মেডিকেল কলেজের ছাত্রদের পরীক্ষা কলেজ গ্যালারি ও ব্যাচেটে পরীক্ষা : পৃষ্ঠা : ১৫ কলাম : ৬

পরীক্ষা : মেডিকেল

(১ম পর্বের পর)
অনুষ্ঠিত হয়। ছাত্রীদের পরীক্ষা হয় বদরুন্নেসা কলেজে। সকাল সাড়ে ৯টা থেকে সাড়ে ১০টা পর্যন্ত পরীক্ষা চলে। এ পরীক্ষার কারণে বদরুন্নেসা কলেজের আশপাশে সৃষ্টি হয় যানজটের। নাম প্রকাশে অনিচ্ছুক ঢাকা মেডিকেল কলেজের একজন সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান যুগান্তরকে জানান, এবার পরীক্ষার প্রশ্নপত্র একটু ভিন্ন ধাঁচের ও সহজ হয়েছে। তিনি জানান, পরীক্ষা অত্যন্ত শান্তিপূর্ণ ও নরুলমুহুর্ত পরিবেশে অনুষ্ঠিত হয়। পরীক্ষার্থীদের সঙ্গে আলাপকালে জানা যায়, প্রশ্নপত্র মোটামুটি সহজ হয়েছে। জানা গেছে, ঢাকা মেডিকেল কলেজে ৫ হাজার ৭০০, স্যার সলিমুল্লাহ মেডিকেল ৪ হাজার ২০০, চট্টগ্রাম মেডিকেল ১ হাজার ৮০০, মহম্মনসিংহ ১ হাজার ২০০, রাজশাহীতে ১ হাজার ৪৫০, সিলেটে ৬০০, রংপুরে ১৫০, বরিশালে ৩৫০, বুলনায় ৯০০, ফরিদপুরে ২৫০, বগুড়ায় ৬০০, কুমিল্লায় ৫০০ ও দিনাজপুর মেডিকেল কলেজে ৫০০ পরীক্ষার্থী অংশ নেয়। ঢাকা, সলিমুল্লাহ, চট্টগ্রাম, মহম্মনসিংহ, রাজশাহী, সিলেটে, রংপুর ও বরিশাল মেডিকেলের প্রতিটিতে আসন সংখ্যা ১৫০টি। অন্য ১টি কুমিল্লা, ফরিদপুর, বগুড়া, কুমিল্লা ও দিনাজপুরের প্রতিটিতে আসন সংখ্যা ৫২। মোটে আসনের মধ্যে ৪০টি মুক্তিযোদ্ধা ও ১৫টি উপজাতীয়দের জন্য সংরক্ষিত।